দামুড়হুদা বাসট্যান্ডে সিমরান স্টোরে চুরি করার সময় হাতেনাতে যুবক আটক

দামুড়হুদা বাসট্যান্ডে নুরুন্নবী মার্কেটে সিমরান স্টোরে এক ফাইল গোল্ডলিফ সিগারেট চুরি করার সময় চুয়াডাঙ্গা হাতিকাটা’র এক যুবককে আটক করেছে দোকানদার ও স্থানীয় জনগণ। বৃহস্পতিবার বেলা ৩টার দিকে এই চুরির ঘটনা ঘটে।

আটককৃত হলেন চুয়াডাঙ্গা সদর উপজেলার হাতিকাটা গ্রামের ওসমানগণীর ছেলে রাসেল উদ্দীন (২৬)। সে চুয়াডাঙ্গা সরকারি কলেজের ম্যানেজমেন্টের অনার্স ৩য় বর্ষের ছাত্র। ১৮ হাজার টাকা জরিমানায় শেষ রক্ষা পায়।

স্থানীয় সুত্রে জানাগেছে দামুড়হুদা বাসস্ট্যান্ডে নূরন্নবী মার্কেটের সিমরান স্টোরে এক ফাইল গোল্ডলিফ সিগারেট চুরি করে ধরা পরে আকিজ গ্রুপের চুয়াডাঙ্গার ডিলার ইনসাফ ট্রেডার্সের মাল ডেলিভারি ম্যান (ডিএসআর) রাসেল। পরে তাকে দামুড়হুদা বাসট্যান্ড বাজার কমিটির মাধ্যমে ১৮ হাজার টাকা জরিমানা করা হয়।

এবিষয়ে সিমরান স্টোরের স্বত্বাধিকারী জয়রামপুর শাহপাড়ার ওসমান বলেন, আকিজ গ্রুপের ওই ডেলিভারি ম্যান যেদিন আসে সেই দিনই আমার দোকানে টাকা হারায়, সিগারেট হারায়। আমি তাকে সন্দেহ করি। তাকে দোকানে রেখে আমি টিউবওয়েলে পানি আনতে যাই, তখন এসে দেখি এক ফাইল গোল্ডলিফ সিগারেট আমাকে দেখে রেকের নিচে ফেলে দেয়। কি ফেললো জানতে চাইলে সে অস্বীকার করে। তখন পাসের দোকানে সিসি টিভি ক্যামেরায় রেকর্ডকৃত ভিডিও দেখে নিশ্চিত হওয়া যায় যে, সে সিগারেট চুরি করে ফেলে দিয়েছে। পরে দামুড়হুদা বাসট্যান্ড বাজার কমিটিকে জানানো হলে বিচার করে ১৮ হাজার টাকা জরিমানা করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, এ বিষয়ে আমাকে কেউ কিছু জানায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।